



পাঁচিশে বৈশাখ, তুমি মৃত্যুঞ্জয়

□ সুভাষ পাঠক

শিক্ষক, কামাখ্যা বিদ্যালয়

শতান্তর বর্ষ পরে আজি, তোমার জন্মদিনে
আমি শিশু, দেখি অন্তরে, আকাশ বিস্তীর্ণ ক্রান্তি
শূন্যতার সীমামূল্যে ভারে ...

অমলেরা শত শত 'ক্ষুধিত পাষণ'।

কল্পনা চলে গেছে বহু দূরে - তীব্র বেগে,
আর্তের স্বাক্ষর দেওয়া এই বিশ্বতটে
বিষাদ কুয়াশা পূর্ণ বিষণ্ণ নয়ন; - 'মানসী' র
মনে জ্বলে দারুণ জ্বালা। বর্ণহীন পান্নাচুনি -
- চেতনার রং

দূর পাহাড়ের দেশে শ্যামলী গাঁয়ের পথে
'অম্বা' এখনো খুঁজে, -

চাতকীর কণ্ঠে সুমন... সুমন...

তবু আজও আসে সন্ধ্যা সে দিনের মতো
পাখিরা ফিরে যায় নীড়ে ; বার বার -
শুভক্ষণে, সুলগনে শঙ্খধ্বনি বাজে
কৃষ্ণচূড়ার আলে-ডালে, প্রভাতের বর্ণচ্ছটায়
রবির প্রথম কিরণ,

পাঁচিশে বৈশাখ, -

তুমি মৃত্যুঞ্জয়।